

## 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫৬৪

كتاب الأقضية) विठात (كتاب الأقضية)

পরিচ্ছেদঃ ৪০২. দুধ পান করানোর ব্যাপারে সাক্ষ্যদান।

باب الشَّهَادَةِ فِي الرَّضَاع

## আরবী

حَدَّتَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، حَدَّتَنِيهِ صَاحِبٌ، لِي عَنْهُ \_ وَأَنَا لِحَدِيث، صَاحِبِي أَحْفَظُ \_ قَالَ عُقْبَةُ بْنُ الْحَارِثِ، وَحَدَّتَنِيهِ صَاحِبٌ، لِي عَنْهُ \_ وَأَنَا لِحَدِيث، صَاحِبِي أَحْفَظُ \_ قَالَ تَزَوَّجْتُ أُمَّ يَحْيَى بِنْتَ أَبِي إِهَابٍ فَدَخَلَتْ عَلَيْنَا امْرَأَةٌ سَوْدَاءُ فَزَعَمَتْ أَنَّهَا أَرْضَعَتْنَا جَمِيعًا فَأَتَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم فَذَكَرْتُ ذَلِكَ لَهُ فَأَعْرَضَ عَنِي فَقُلْتُ يَا رَسُولَ الله إِنَّهَا لَكَاذِبَةٌ . قَالَ " وَمَا يُدْرِيكَ وَقَدْ قَالَتْ مَا قَالَتْ دَعْهَا عَنْكَ " .

## বাংলা

৩৫৬৪. সুলায়মান ইবন হারব (রহঃ) ..... ইবন আবী মুলায়কা (রহঃ) বলেন, উকবা ইবন হারিছ (রাঃ) হাদীছ বর্ণনা করেছেন এবং আমার একজন বন্ধুও আমার নিকট উকবা (রাঃ) হতে ঐ হাদীছ বর্ণনা করেছেন। আমার বন্ধুর বর্ণিত হাদীছটি আমার খুবই স্মরণ আছে।

উকবা (রাঃ) বলেনঃ আমি উম্মু ইয়াহ্ইয়া বিনত আবূ ইহাবকে বিয়ে করেছিলাম। এরপর কাল রংয়ের একজন মহিলা আমাদের কাছে এসে বলেঃ আমি তোমাদের দুজনকে দুধ পান করিয়েছি। একথা শুনে আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হয়ে বিষয়টি তাঁকে অবহিত করি। কিন্তু তিনি আমার বক্তব্যের প্রতি কোন গুরুত্ব না দেওয়ায় আমি বললামঃ ইয়া রাসূলাল্লাহ! মহিলাটি তো মিথ্যাবাদী। তখন তিনি জিজ্ঞাসা করেনঃ তুমি তা কিরূপে জানলে? সে যা বলার, তা তো বলেছে। সূতরাং তুমি তোমার স্ত্রীকে পরিত্যাগ কর।

## **English**

'Uqbah bin al-Harith said:

"I married Umm Yahya daughter of Abu Ihab. A black woman entered upon us. She said that she had suckled both of us. So I came to the Prophet (ﷺ), and amentioned it to him. He turned away from me. I said (to him):



Messenger of Allah! she is a liar. He said: What do you know? She has said what she has said. Separate yourself from her (wife).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইবন আবূ মুলায়কা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন